

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৫.২০১৫- ৫০

তারিখঃ ২০.০১.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ নাসিরুল ইসলাম (১১৪৬৯৬), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ নাসিরুল ইসলাম (১১৪৬৯৬), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৬.১১.২০১৪ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০২৩.২০১১-১৭৬৭নং স্মারক মোতাবেক ৩০.১১.২০১৪ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০১.১২.২০১৪ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ নাসিরুল ইসলাম (১১৪৬৯৬)

প্রাক্তন মেডিকেল অফিসার

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।

(স্থায়ী ঠিকানা-পিতা-মোঃ আব্দুল গণি, হাউজ-৫৫, রোড-০৮, হাসপাতাল পাড়া, পিটিআই রোড, মাগুড়া-৭৬০০)


(যোগাযোগ ঠিকানাঃ- Medical Officer (Medicine), Khasab Regional Hospital and Polyclinic, Ministry of Health Sultanate of Oman)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৫.২০১৫- ৫০/১ (৫)

তারিখঃ ২০.০১.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ নাসিরুল ইসলাম (১১৪৬৯৬), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৬.১১.২০১৪ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০২৩.২০১১-১৭৬৭নং স্মারক মোতাবেক ৩০.১১.২০১৪ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০১.১২.২০১৪ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
২০/০৩/২০১৬.  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৫- ০৩

তারিখঃ ২৯.০১.২০১৬খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ নূর-ই-ফেরদৌসী (১২৬৪৬৭), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮.১১.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৫-৭৭৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৯.০১.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ নূর-ই-ফেরদৌসী (১২৬৪৬৭), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর ০২.০৬.২০১৫, ১০.০৬.২০১৫, ১১.০৬.২০১৫, ১৬.০৬.২০১৫ এবং ২৬.০৬.২০১৫ হতে ০১.০৭.২০১৫ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৫-

তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ নূর-ই-ফেরদৌসী (১২৬৪৬৭), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট।

  
(আসমা তাসকিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৫- ৫৪

তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ তৌহিদুল ইসলাম মন্ডল (১০১০০২৮), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১১.১১.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৫-৭৫৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৭.১২.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, গত ১৫.০৪.২০১৫ইং তারিখে তিনি হঠাৎ গুরুতর অসুস্থ বোধ করায় বিষয়টি তার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে মৌখিকভাবে অবহিত করে ২১.০৪.২০১৫ইং তারিখ পর্যন্ত (০৪) চার দিনের নৈমিত্তিক ছুটির আবেদন দাখিল করে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করেন এবং চিকিৎসা গ্রহণের বিষয়টি লিখিতভাবে স্থানীয় প্রশাসনকে নিয়মিতভাবে অবহিত করেন। শারীরিকভাবে সুস্থ হয়ে বোধ করে চিকিৎসকের পরামর্শক্রমে ২৮.১০.২০১৫ইং তারিখে কর্মস্থলে যোগদান করে নিয়মিতভাবে অফিস করছেন। অসুস্থতাজনিত কারনে অনুপস্থিতকালীন সময়কালকে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুরের জন্য আবেদন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ তৌহিদুল ইসলাম মন্ডল (১০১০০২৮), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, শারীরিক অসুস্থতার বিষয়ে মেডিকেল বোর্ডের প্রত্যয়নপত্র এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিপি)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৫- ৫৪/১(৮)

তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম।
- ৫। সিনিয়র সহকারী সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মোহাম্মদ তৌহিদুল ইসলাম মন্ডল (১০১০০২৮), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম।

  
(আসমা তাসকিন)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১৫- ৭৭

তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জাকারিয়া (৪১৯৩৯), জুনিয়র কনসালটেন্ট (শিশু), আধুনিক সদর হাসপাতাল, সুনামগঞ্জ (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাছিরনগর, ব্রাহ্মনবাড়ীয়া) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১০.০১.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১৫-০৭নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২০.০১.২০১৬ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁকে প্রায় ০২ বছর যাবৎ Respiratory Sleep Apnoea Syndrome রোগে আক্রান্ত হয়ে রাতে Ventilator মেশিনের সাহায্য নিয়ে ঘুমাতে হয়। যে কারণে কয়েকদিন রাতে ঘুমে অসুবিধার কারণে কর্মস্থলে উপস্থিত হতে বিলম্ব হয় যা তার ইচ্ছাকৃত নয়। তিনি দুই মাসের অর্জিত ছুটিতে থাকায় এবং ছুটি শেষে চাকুরিতে যোগদান এর আগের দিন বায়োমেট্রিক মেশিন নষ্ট থাকায় তিনি হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর দিয়ে করেছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ জাকারিয়া (৪১৯৩৯), জুনিয়র কনসালটেন্ট (শিশু), আধুনিক সদর হাসপাতাল, সুনামগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


উপপরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১৫- ৫৫/১ (২)

তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, সুনামগঞ্জ।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ জাকারিয়া (৪১৯৩৯), জুনিয়র কনসালটেন্ট (শিশু), আধুনিক সদর হাসপাতাল, সুনামগঞ্জ।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৯.২০১৫-! ২০

তারিখঃ ২৪.০১.২০১৬খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ আফরিন কবীর খেয়া (১২৯৩৭৩), মেডিকেল অফিসার, তেওতা উপস্বাস্থ্য কেন্দ্র, শিবালয়, মানিকগঞ্জ (প্রাক্তনমেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজিবপুর, কুড়িগ্রাম) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০.১১.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৯.২০১৫-৭৩৯নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫.০১.২০১৬ তারিখে তঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি গত ০৭.০৮.২০১৪ইং তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স রাজিবপুর, কুড়িগ্রামে মেডিকেল অফিসার পদে যোগদান করে গত ১৩.০৫.২০১৫ইং পর্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন এবং নিয়মিত বেতন ভাতাদি উত্তোলন করেন। গত ১৪.০৫.২০১৫ইং তারিখে তাকে তেওতা উপস্বাস্থ্য কেন্দ্র, শিবালয়, মানিকগঞ্জে বদলি করা হলে গত ২৮.০৫.২০১৫ইং তারিখ তিনি বর্তমান কর্মস্থলে যোগদান করে অত্যন্ত নিষ্ঠার সাথে তার দায়িত্ব পালন করছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আফরিন কবীর খেয়া (১২৯৩৭৩), মেডিকেল অফিসার, তেওতা উপস্বাস্থ্য কেন্দ্র, শিবালয়, মানিকগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৯.২০১৫- (৬৮/১০) (২)

তারিখঃ ২৪.০১.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, মানিকগঞ্জ।
- ৫। সিনিয়র সহকারী সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ আফরিন কবীর খেয়া (১২৯৩৭৩), মেডিকেল অফিসার, তেওতা উপস্বাস্থ্য কেন্দ্র, শিবালয়, মানিকগঞ্জ।

  
২৪/০১/২০১৬

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১৫- (১৫)

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার এর  
বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার গত ২৯.০৩.২০১৫ তারিখ হতে ১৬.০৮.২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


ডাঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩)  
জুনিয়র কনসালটেন্ট (শিশু)  
২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল  
কক্সবাজার।  
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-গোপাল চন্দ্র সেন, বেলাশর, চান্দিনা, কুমিল্লা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১৫- (১৫/১৫)

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার  
গত ২৯.০৩.২০১৫ তারিখ হতে ১৬.০৮.২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে ছিলেন। আপনার উপরিলিখিত  
কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে  
অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার  
৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত  
হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনজিসি)  
অতিরিক্ত সচিব



নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৫-

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ নিশাত শারমীন (১২৩১৯৫), সহকারী সার্জন, বুধল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ব্রাহ্মনবাড়ীয়া গত ০৮.০৫.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৬.০৫.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৫-২৮১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


ডাঃ নিশাত শারমীন (১২৩১৯৫)  
সহকারী সার্জন  
বুধল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র  
সদর, ব্রাহ্মনবাড়ীয়া।  
(যোগাযোগ ঠিকানা- পিতা-জনাব মোঃ ইয়াছিন আলী সরকার, গ্রাম-সোনাপাতি,  
ডাকঘর-লক্ষণহাটি, উপজেলা-বাগাতীপাড়া, জেলা-নাটোর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৫-

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, ব্রাহ্মনবাড়ীয়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd